গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৬৬/২০১৯-২০২০

**ঢাকা, ২৮ সেপ্টেম্বর শনিবার ২০১৯, ১৩ আশ্বিন ১৪২৬**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। এনআরসি নিয়ে বাংলাদেশের উদ্বেগের কিছুই নেই :
নিউইয়র্কে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি
২। ইউনিসেফের 'চ্যাম্পিয়ন অভ্ স্কিল ডেভেলপমেন্ট ফর ইয়ুথ' পুরস্কার পেলেন প্রধানমন্ত্রী
৩। মানসিকস্বাস্থ্যকে প্রাথমিক স্বাস্থ্যসেবার অন্তর্ভুক্ত করুন : জাতিসংঘ সদরদপ্তরে প্রতিনিধিবর্গকে প্রধানমন্ত্রী
৪। অভিন্ন সমৃদ্ধির জন্য বাংলাদেশের সঙ্গে থাকুন : মার্কিন বিনিয়োগকারীদের প্রতি প্রধানমন্ত্রী
৫। প্রধানমন্ত্রীর সঙ্গে মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা বিল গেটসের সাক্ষাৎ
৬। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৩তম জন্মদিন আজ
৭। দেশের কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে সংসদ :
উগান্ডায় সিপিএ চেয়ারপাসনের সঙ্গে সাক্ষাতে স্পিকার
৮। ক্যাসিনোর সঙ্গে যুক্ত কাউকে ছাড় দেওয়া হবে না : সিলেটে সেতুমন্ত্রী
৯। ক্যাসিনো প্রতিষ্ঠাকারীদের আইনের আওতায় আনা হবে : আইনমন্ত্রী
১০। বর্তমান সরকার জঙ্গিবাদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে : তথ্যমন্ত্রী
১১। হাওরাঞ্চলে বিশুদ্ধ পানীয়জল নিশ্চিত করতে ৫০০ কোটি টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছে : সুনামগঞ্জে পরিকল্পনামন্ত্রী
১২। ২০২৩ সালের আগেই বাংলাদেশে ফাইভজি : রাজশাহীতে টেলিযোগাযোগ মন্ত্রী
১৩। পর্যটনের সম্ভাবনাকে সঠিক ভাবে ব্র্যান্ডিং করতে হবে : পর্যটন প্রতিমন্ত্রী
১৪। বিশ্ব তথ্য অধিকার দিবস আজ

চলমান পাতা-২

১। **এনআরসি নিয়ে বাংলাদেশের উদ্বেগের কিছুই নেই :**
**নিউইয়র্কে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি**

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আশ্বস্ত করে বলেছেন, জাতীয় নাগরিক নিবন্ধন (এনআরসি) নিয়ে বাংলাদেশের উদ্বিগ্ন হওয়ার কিছুই নেই। স্থানীয় সময় ২৭ সেপ্টেম্বর শুক্রবার নিউইয়র্কে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এ আশ্বাস দেন। বৈঠক শেষে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন ভারতের প্রধানমন্ত্রীর উদ্ধৃতি দিয়ে সাংবাদিকদের বলেন, বাংলাদেশ ও ভারতের মধ্যে চমৎকার সম্পর্ক বজায় রয়েছে। তাই এ ধরনের ইস্যু নিয়ে উদ্বেগের কিছুই নেই। লোটে নিউইয়র্ক প্যালেস হোটেলে দ্বিপক্ষীয় সভাকক্ষে দুই নেতার এ বৈঠক অনুষ্ঠিত হয়। পররাষ্ট্রমন্ত্রী বলেন, উভয় নেতা তিস্তাসহ অভিন্ন নদীর পানি বণ্টনের বিষয় নিয়েও আলোচনা করেন। পররাষ্ট্রমন্ত্রী ড. মোমেন বলেন, দুই প্রধানমন্ত্রীর মধ্যে এ বৈঠক খুবই সৌহার্দ্য ও বন্ধুত্বপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। এতে এনআরসি, অভিন্ন নদীর পানি বণ্টনসহ দ্বিপক্ষীয় সম্পর্কের সার্বিক বিষয় নিয়ে আলোচনা হয়। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩)।

২। **ইউনিসেফের 'চ্যাম্পিয়ন অভ্ স্কিল ডেভেলপমেন্ট ফর ইয়ুথ' পুরস্কার পেলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তরুণদের দক্ষতা উন্নয়নে বাংলাদেশের অসামান্য সাফল্যের স্বীকৃতিস্বরূপ 'চ্যাম্পিয়ন অব স্কিল ডেভেলপমেন্ট ফর ইয়ুথ' সম্মাননা দিয়েছে জাতিসংঘের শিশু বিয়ষক সংস্থা ইউনিসেফ। গত ২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার সন্ধ্যায় প্রধানমন্ত্রী ইউএন প্লাজার ইউনিসেফ ভবনে এ পুরস্কার গ্রহণ করেন। ইউনিসেফের নির্বাহী পরিচালক হেনরিয়েটা ফোর তাঁর হাতে এ পুরস্কার তুলে দেন। পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেন এবং ইউনিসেফের শুভেচ্ছা দূত ও বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের অধিনায়ক সাকিব আল হাসান অনুষ্ঠানে বক্তৃতা করেন। পুরস্কার গ্রহণকালে প্রধানমন্ত্রী ইউনিসেফকে ধন্যবাদ জানিয়ে বলেন, বাস্তবিক অর্থে বাংলাদেশের জনগণ, বিশেষকরে দেশের সব শিশুর এবং সমগ্র বিশ্বের শিশুদেরই এ স্বীকৃতি প্রাপ্য। প্রধানমন্ত্রী বলেন, এ সম্মান আমার একার জন্য নয়, এটি সমগ্র বাংলাদেশের। কেননা বাংলাদেশের জনগণ আমাকে ভোট দিয়ে নির্বাচিত করেছে বলেই আমি তাদের সেবা করার সুযোগ পেয়েছি। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৩)।

৩। **মানসিকস্বাস্থ্যকে প্রাথমিক স্বাস্থ্যসেবার অন্তর্ভুক্ত করুন : জাতিসংঘ সদরদপ্তরে প্রতিনিধিবর্গকে প্রধানমন্ত্রী**

সার্বজনীন স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে মানসিক স্বাস্থ্য ও প্রতিবন্ধিতাকে প্রাথমিক স্বাস্থ্যসেবা গণ্য করে বিনিয়োগ বাড়াতে জাতিসংঘের সদস্য দেশ ও উন্নয়ন অংশীদারদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তর গতকাল (২৭ সেপ্টেম্বর শুক্রবার) 'টেকসই সার্বজনীন স্বাস্থ্যসেবা : মানসিকস্বাস্থ্য ও প্রতিবন্ধিতাসহ সমন্বিত প্রাথমিক স্বাস্থ্যসেবা' বিষয়ে এক অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, বিশ্বে বিপুলসংখ্যক মানুষ মানসিক স্বাস্থ্য সমস্যা ও প্রতিবন্ধিতায় ভুগলেও সার্বজনীন স্বাস্থ্য নিশ্চিতের ক্ষেত্রে বিষয় দু'টি অবহেলিত। অথচ সর্বোচ্চ মানের শারীরিক ও মানসিক স্বাস্থ্যসেবা পাওয়া প্রত্যেকের অধিকার। প্রাথমিক স্বাস্থ্যসেবায় মানসিক স্বাস্থ্য ও প্রতিবন্ধিতাকে অন্তর্ভুক্ত করে এতে সম্পদের বিনিয়োগে মনোনিবেশ করতে জাতিসংঘের সকল সদস্য দেশ ও উন্নয়ন অংশীদারদের প্রতি প্রধানমন্ত্রী আহ্বান জানান। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক,৬)।

৪। **অভিন্ন সমৃদ্ধির জন্য বাংলাদেশের সঙ্গে থাকুন : মার্কিন বিনিয়োগকারীদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের আরো উন্নয়নের জন্য অধিকতর মার্কিন বিনিয়োগ ও সম্পৃক্ততা চেয়ে বলেছেন, এটি হবে দুই দেশের জন্য একটি 'উইন-উইন অপশন'। গত ২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার লোটে নিউইয়র্ক প্যালেস হোটেলে ইউএস চেম্বারস অভ্ কমার্স আয়োজিত মধ্যাহ্নভোজ গোলটেবিল বৈঠকে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, মার্কিন যুক্তরাষ্ট্রকে আমাদের দ্বিতীয় বৃহত্তম বাণিজ্য অংশীদার ও বৃহত্তম বিনিয়োগ অংশীদার হিসেবে দেখতে পেয়ে আমি আনন্দিত। আরো উন্নয়নের জন্য আপনাদের বিনিয়োগ ও সম্পৃক্ততা জরুরি। এটি আমাদের উভয়ের জন্য একটি উইন-উইন অপশন। সূত্র : **ইনকিলাব** (পৃ.১,ক,১)।

৫। **প্রধানমন্ত্রীর সঙ্গে মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা বিল গেটসের সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেছেন বিশ্বের অন্যতম শীর্ষ ধনী মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা বিল গেটস। ৫১ বিলিয়ন ডলারের বেশি তহবিল নিয়ে বিশ্বের সবচেয়ে বড় দাতব্য সংস্থাগুলোর একটি বিল এ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন। বিভিন্ন উন্নয়নশীল দেশে তারা দারিদ্র্যবিমোচন এবং স্বাস্থ্য ও শিক্ষার উন্নয়নে কাজ করে। যুক্তরাষ্ট্রেও যাতে কেউ শিক্ষা ও মৌলিক অধিকার থেকে বঞ্চিত না হয় সে লক্ষে কাজ করে তারা। বিল এন্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশনের কো-চেয়ারম্যান বিল গেটস বলেছেন, তার সংস্থা বাংলাদেশের টিকাদান কর্মসূচিতে সহায়তা দেবে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক,২)।

৬। **প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৩তম জন্মদিন আজ**

আজ ২৮ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৩তম জন্মদিন। ১৯৪৭ সালের এ দিনে তিনি গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন। দেশে টানা তিনবার প্রধানমন্ত্রীসহ চারবার প্রধানমন্ত্রী থাকার রেকর্ড রয়েছে তাঁর। সবচেয়ে বেশি সময় জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা থাকার রেকর্ডও তাঁর দখলে। এছাড়া টানা ৩৮ বছরেরও বেশি সময় দেশের বৃহৎ রাজনৈতিকদল আওয়ামী লীগের দলীয় প্রধানের দায়িত্ব পালন করছেন। আওয়ামী লীগ এবং এর সহযোগী ও ভ্রাতৃপ্রতিম সংগঠন নানা কর্মসূচির মধ্য দিয়ে আজ শনিবার প্রধানমন্ত্রীর জন্মদিন পালন করবে। প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ পৃথক বাণী প্রদান করেছেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৩)।

৭। **দেশের কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে সংসদ :**
**উগান্ডায় সিপিএ চেয়ারপাসনের সঙ্গে সাক্ষাতে স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, নিজ নিজ দেশের জনগণের কল্যাণে কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনভুক্ত (সিপিএ) দেশগুলোর জাতীয় সংসদ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। সিপিএ চেয়ারপারসন ও ক্যামেরুনের ডেপুটি স্পিকার অ্যামেলিয়া লিফাকা উগান্ডা সফররত শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। উগান্ডার রাজধানী কাম্পালায় ৬৪তম কমনওয়েলথ পার্লামেন্টারি কনফারেন্সের (সিপিসি) ভেন্যুতে গত ২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার সন্ধ্যায় তাঁরা এ বৈঠকে করেন। উভয় নেতা সংসদীয় গণতন্ত্র এবং সিপিএভুক্ত দেশগুলোর সংসদের পারস্পরিক সহযোগিতা বাড়ানোর ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন। বৈঠকে স্পিকার বলেন, সংসদীয় কূটনীতি ব্যবহার করে বিভিন্ন আঞ্চলিক সমস্যা নিরসন করার মাধ্যমে শান্তিপূর্ণ বিশ্ব গড়ে তোলা সম্ভব। সূত্র : **সমকাল** (পৃ.৭,ক.১)।

৮। **ক্যাসিনোর সঙ্গে যুক্ত কাউকে ছাড় দেওয়া হবে না : সিলেটে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ক্যাসিনোর সঙ্গে যুক্ত কাউকে ছাড় দেওয়া হবে না। তিনি বলেন, মহাসড়কে করিমন, নছিমনসহ তিন চাকার যান চলাচল বন্ধে কাজ চলছে। এ যানের আমদানি বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন। আমদানি বন্ধ করতে তাদের একাধিকবার চিঠি দিয়েছি। নাম্বারবিহীন সিএনজি অটোরিকশা চলাচল বন্ধের ব্যবস্থা নিতেও প্রশাসনকে অনেক আগেই নির্দেশ দেওয়া হয়েছে। তিনি বলেন, তহবিলের অভাবে সিলেট-ঢাকা চার লেন সড়কের কাজ আগে শুরু করা যায়নি। গতকাল (২৭ সেপ্টেম্বব শুক্রবার) সিলেট নগরীর তোপখানায় সড়ক জোন অফিস ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপনের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক,৫)।

৯। **ক্যাসিনো প্রতিষ্ঠাকারীদের আইনের আওতায় আনা হবে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, বাংলাদেশে যারা অবৈধভাবে ক্যাসিনো বাণিজ্য প্রতিষ্ঠা করেছে এবং এ ধরনের অপরাধ ও দুর্নীতির সঙ্গে যারা যুক্ত, তারা যতই ক্ষমতাশালী হোক না কেন তাদের আইনের আওতায় আনা হবে। দুর্নীতির বিরুদ্ধে, অন্যায়ের বিরুদ্ধে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে অভিযান শুরু করেছেন সে অভিযান অব্যাহত থাকবে। গতকাল (২৭ সেপ্টেম্বর শুক্রবার) ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া রেলওয়ে জংশনে স্বেচ্ছায় রক্তদানকারী সংগঠন 'আত্মীয়' আয়োজিত এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.১)।

১০। **বর্তমান সরকার জঙ্গিবাদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, ইসলাম শান্তির ধর্ম, এটি কখনো মানুষ হত্যাকে সমর্থন করে না। বর্তমান সরকার জঙ্গিবাদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। এ মাটি থেকে সম্পূর্ণভাবে জঙ্গিবাদ নির্মূল করা না গেলেও সরকার শক্ত হাতে এর মোকাবিলা করে যাচ্ছে। গতকাল (২৭ সেপ্টেম্বর শুক্রবার) মহানগর নাট্যমঞ্চে এক সমাবেশে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.১)।

১১। **হাওরাঞ্চলে বিশুদ্ধ পানীয়জল নিশ্চিত করতে ৫০০ কোটি টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছে : সুনামগঞ্জে পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, হাওরাঞ্চলের মানুষের জন্য বিশুদ্ধ পানির ব্যবস্থা করতে ৫০০ কোটি টাকার প্রকল্প হাতে নিয়েছি। সুনামগঞ্জ, হবিগঞ্জ, নেত্রকোনা, কিশোরগঞ্জসহ হাওরাঞ্চলের একজন মানুষও যাতে বিশুদ্ধ পানির কষ্টে না ভোগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সে নির্দেশনা দিয়েছেন। শুধু পানির বিষয় নয়, এ অঞ্চলগুলোর স্যানিটেশন ব্যবস্থারও উন্নয়ন ঘটানো হবে। গতকাল (২৭ সেপ্টেম্বর শুক্রবার) দক্ষিণ সুনামগঞ্জ উপজেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় ৫০০ হতদরিদ্র পরিবারের মধ্যে নলকূপ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৩,ক.৩)।

**১২।        ২০২৩ সালের আগেই বাংলাদেশে ফাইভজি : রাজশাহীতে টেলিযোগাযোগ মন্ত্রী**

ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার বলেছেন, প্রযুক্তি সর্বদা পরিবর্তনশীল। তাই কর্মজীবন ও পরিবর্তনের সঙ্গে খাপখাইয়ে চলতে না পারলে প্রতিযোগিতায় টিকে থাকা অসম্ভব। আমাদের নির্বাচনি ইশতেহারে ২০২১ থেকে ২০২৩ সালের মধ্যে ফাইভজি চালু করার কথা ছিল। কিন্তু আমরা আশা করছি এ আগেই দেশে ফাইভজি চালু হবে। গতকাল (২৭ সেপ্টেম্বব শুক্রবার) রাজশাহী মহানগরের সুলতানাবাদ নিউমার্কেট এলাকায় টেলিটক কাস্টমার কেয়ার সেন্টারের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

**১৩।        পর্যটনের সম্ভাবনাকে সঠিক ভাবে ব্র্যান্ডিং করতে হবে : পর্যটন প্রতিমন্ত্রী**

বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী মোঃ মাহবুব আলী বলেছেন, বাংলাদেশে পর্যটনের সম্ভাবনা আছে, সেটাকে সঠিকভাবে ব্র্যান্ডিং করতে হবে। এজন্য সবাই মিলে কাজ করতে হবে। পর্যটন খাতের উন্নয়নে সবাইকে এক সঙ্গে কাজ করার আহ্বান জানিয়েছেন তিনি। গতকাল (২৭ সেপ্টেম্বর শুক্রবার) আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে আলোচনাসভায় তিনি এ কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক,১)।

**১৪।        বিশ্ব তথ্য অধিকার দিবস আজ**

‘কেউ যেন বাদ না যায়’ এ প্রতিপাদ্য সামনে রেখে আজ (২৮ সেপ্টেম্বর শনিবার) পালিত হচ্ছে বিশ্ব তথ্য অধিকার দিবস। তথ্য অধিকার দিবস পালনের জন্য এরই মধ্যে বিস্তারিত কর্মসূচি নিয়েছে তথ্য কমিশন। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **সমকাল** (পৃ.২